অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/3/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন, রেস্টুরেন্টগুলিতে আউটডোর ডাইনিং দ্বিতীয় ধাপে পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে

ইতিমধ্যে যে সাতটি অঞ্চল দ্বিতীয় ধাপে প্রবেশ করেছেসেখানকার রেস্টুরেন্টগুলি আগামীকাল, 4ঠা জুন থেকে আউটডোর ডাইনিং-এর জন্য খোলা যাবে

এরি কাউন্টি এখন ইলেক্টিভ সার্জারি ও অ্যাম্বুলেটরি কেয়ার পুনরায় চালু করার যোগ্য

নিউ ইয়র্ক স্টেটে আরও 1,045 জনের করোনা ভাইরাস শনাক্ত হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 374,085-এ নিয়ে এসেছে 46টি কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনা পাওয়া গেছে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে রিওপেনিংয়ের দ্বিতীয় ধাপে রেস্টুরেন্টগুলিতে আউটডোর ডাইনিং এর অনুমতি দেওয়া হবে। যে সাতটি অঞ্চলের রেস্টুরেন্ট ইতিমধ্যে দ্বিতীয় ধাপে প্রবেশ করেছে - রাজধানী অঞ্চল, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক, মোহক ভ্যালি, নথ কান্ট্রি, সাউদার্ন টায়ার এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সেগুলো আগামীকাল, 4ঠা জুন থেকে শুরু হয়ে আউটডোর ডাইনিং-এর জন্য আবার খোলা যাবে। আউটডোর টেবিলগুলির মধ্যে ছয় ফুট ব্যবধান থাকতে হবে, সমস্ত কর্মীদের অবশ্যই ফেস কভারিং পরতে হবে এবং না বসা পর্যন্ত গ্রাহকদেরও ফেস কভারিং পরতে হবে।

গভর্নর কুওমো আরও ঘোষণা করেছেন যে এরি কাউন্টি এখন ইলেক্টিভ সার্জারি ও অ্যাম্বুলেটরি কেয়ার পুনরায় চালু করার যোগ্য। গভর্নর আগে ঘোষণা করেছিলেন যে COVID-19 এর বৃদ্ধির উল্লেখযোগ্য ঝুঁকি নেই এমন কাউন্টি ও হাসপাতালগুলিতে অনতিবিলম্বে ইলেক্টিভ আউটপেশেন্ট ট্রিটমেন্ট পুনরায় শুরু হবে এবং মোট 52টি কাউন্টি এখন ইলেক্টিভ সার্জারি পুনরায় শুরু করতে পারবে (4টি কাউন্টির কোনো হাসপাতাল নেই)।

"COVID-19 এখনও একটি সত্যিকারের হুমকি এবং আমরা এখনও এর সাথে লড়াই করছি। আমি জানি এটা আজ সংবাদপত্রের সামনের পাতার সংবাদ নয়, কিন্তু এখনও মানুষ এবং সমাজ এর স্বীকার," **গভর্নর কুওমো বলেন।** "কিন্তু নিউ ইয়র্কের জনগণ এবং নার্স, ডাক্তার এবং অপরিহার্য কর্মীদের ধন্যবাদ, হাসপাতালে ভর্তি এবং মৃত্যুর সংখ্যায় আজ আমরা সর্বনিম্ন। কোন

কার্যকলাপগুলোকে নিরাপদে আবার খুলে দেওয়া যাবে তা নিয়ে আমরা নিত্য পর্যালোচনা করছি এবং আজ আমরা রেস্টুরেন্টে দ্বিতীয় ধাপে আউটডোর বসার ব্যবস্থা যোগ করছি।"

গভর্নর আরও 1,045টি নতুন নভেল করোনাভাইরাসে আক্রান্তের কথা নিশ্চিত করেছেন, যানিউ ইয়র্ক স্টেটে সমগ্র স্টেট জুড়ে নিশ্চিত আক্রান্তের সর্বমোট সংখ্যাকে 374,085 এ পৌঁছে দিয়েছে। মোট 374,085 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,920	20
Allegany	49	1
Broome	589	11
Cattaraugus	90	1
Cayuga	96	3
Chautauqua	89	3
Chemung	137	0
Chenango	133	0
Clinton	97	0
Columbia	399	8
Cortland	41	0
Delaware	82	0
Dutchess	3,951	15
Erie	6,234	61
Essex	38	0
Franklin	23	0
Fulton	213	1
Genesee	202	0
Greene	241	0
Hamilton	5	0
Herkimer	113	2
Jefferson	74	0
Lewis	20	0
Livingston	120	1
Madison	319	2
Monroe	3,048	59
Montgomery	94	1
Nassau	40,644	72
Niagara	1,067	19

NYC	204,872	495
Oneida	1,058	9
Onondaga	2,256	28
Ontario	215	6
Orange	10,460	11
Orleans	246	5
Oswego	112	2
Otsego	73	0
Putnam	1,264	2
Rensselaer	495	2
Rockland	13,259	36
Saratoga	489	5
Schenectady	701	5
Schoharie	51	0
Schuyler	12	0
Seneca	60	1
St. Lawrence	206	1
Steuben	243	1
Suffolk	40,062	82
Sullivan	1,393	1
Tioga	133	2
Tompkins	165	1
Ulster	1,701	5
Warren	256	1
Washington	238	1
Wayne	120	4
Westchester	33,691	58
Wyoming	87	1
Yates	39	0

###